অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগ

আর্থিক ব্যবস্থাপনার চলমান সংস্কার কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়ন এবং অর্থ বিভাগের বর্তমান ভূমিকা যথাযথভাবে পালনের সুবিধার্থে অর্থ বিভাগের বিদ্যমান সাংগঠনিক কাঠামো অভ্যন্তরীণ পুনর্বিন্যাসের মাধ্যমে (কোন নতুন জনবল সৃজন ব্যতিরেকে) ১৪ ফেব্রুয়ারি ২০১০ খ্রিঃ রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগ গঠন করা হয়। রাষ্ট্রায়ত্ত ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের বাজেট ও আর্থিক মঞ্জুরি অনুমোদন/সম্মতি প্রদান, মনিটরিং সেলের প্রশাসনিক কার্যাদি সম্পাদন, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী ও আর্থিক ব্যবস্থাপনার বিভিন্ন বিষয়, রাষ্ট্রায়ত্ত/স্ব-শাসিত/বিধিবদ্ধ সংস্থা ও অধীনস্থ অংগ প্রতিষ্ঠানসমূহের সাংগঠনিক কাঠামো পরীক্ষা-নিরীক্ষাপূর্বক পদ সৃষ্টি, পদ সংরক্ষণ, রাজস্ব বাজেটে পদ স্থানান্তর, পদ বিলুপ্তকরণ ইত্যাদি এ অনুবিভাগের অন্যতম দায়িত্ব। ২০১৮-১৯ অর্থবছরে রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগ কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নে উল্লেখ করা হলোঃ

পদ সৃষ্টি/সংরক্ষণ/স্থানান্তর/স্থায়ীকরণ/বিলুপ্তি

- বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ১ম-৯ম গ্রেডের ৬৯৫টি, ১০ম গ্রেডের ৩৪৬টি, ১১-১৬ গ্রেডের ৭১৫টি, ১৭-২০ গ্রেডের ২৪০টি এবং আউটসোর্সিং এর ১৪৭টি পদসহ মোট ২,১৪৩টি পদ সৃষ্টি করা হয়েছে;
- বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ১ম-৯ম গ্রেডের ৯০০টি, ১০ম গ্রেডের ৩৩৬টি, ১১-১৬ গ্রেডের ১৩৬৬টি, ১৭-২০ গ্রেডের ৬৩৪টি এবং আউট সোর্সিং এর ৪৯৭টি পদসহ মোট ৩,৭৩৩টি পদ সংরক্ষণ করা হয়েছে;
- বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ১ম-৯ম গ্রেডের ২৪১টি, ১০ম গ্রেডের ১৮২টি, ১১-১৬ গ্রেডের ৯৬১টি, ১৭-২০ গ্রেডের ৭০টি পদসহ মোট ১৪৫৪টি পদ স্থায়ীকরণ করা হয়েছে; এবং
- বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রতিষ্ঠানের ১ম-৯ম গ্রেডের ১২৫টি, ১০ম গ্রেডের ৩২৪টি, ১১-১৬ গ্রেডের ৩৩৮টি, ১৭-২০ গ্রেডের ১০৯টি পদসহ মোট ৮৯৬টি পদ বিলুপ্তিকরণ করা হয়েছে।

যানবাহন ক্রয় সংক্রান্ত

- বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তপক্ষ (বিডা) এর জন্য ২টি কোস্টার/মিনিবাস (এসি) ক্রয়ে সম্মতি জ্ঞাপন করা হয়েছে;
- বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর ৭টি ইপিজেড এর জন্য ৭টি গারবেজ ট্রাক ক্রয়ে সম্মতি জ্ঞাপন করা হয়েছে;
- বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর ৪টি মাইক্রোবাস, ৩টি কার, ১টি বাস (বড়) ক্রয়ে সম্মতি জ্ঞাপন করা হয়েছে;

- বেসরকারি ইপিজেড এর নির্বাহী সেলের জন্য ১টি কার, ১টি মাইক্রোবাস ক্রয়ে সম্মতি জ্ঞাপন করা হয়েছে;
- জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের জন্য ১টি জীপ ক্রয়ে সম্মতি জ্ঞাপন করা হয়েছে;
- সিলেট ক্যাডেট কলেজ এর জন্য ১টি পিকআপ, কুমিল্লা ক্যাডেট কলেজের জন্য ১টি কার, রাজশাহী ক্যাডেট কলেজ এর জন্য ১টি বাসসহ মোট ৩টি যানবাহন ক্রয়ে সম্মতি জ্ঞাপন করা হয়েছে;
- কৃষি মন্ত্রণালয়াধীন বারটান এর জন্য ১টি কার, ১টি মিনিবাস (এসি) ক্রয়ে সম্মতি জ্ঞাপন করা হয়েছে;
- বিপিএটিসি এর জন্য ২টি মাইক্রোবাস ক্রয়ে সম্মতি জ্ঞাপন করা হয়েছে;
- বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের জন্য প্রতিস্থাপক হিসেবে ১টি জীপ, ২টি কার, ১টি মিনিবাস ক্রয়ে সম্মতি জ্ঞাপন করা হয়েছে;
- বাংলাদেশ ইনষ্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) এর জন্য ২টি মাইক্রোবাস ক্রয়ের অনুমতি প্রদান করা হয়েছে;
- জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের জন্য ২টি জীপ গাড়ি ক্রয়ের অনুমোদন প্রদান করা হয়েছে;
- বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) এর টিওএন্ডই-তে ৪টি Calibration Van এবং ৪টি ডাবল কেবিন পিক-আপ অন্তর্ভুক্তকরণে সম্মতি প্রদান করা হয়েছে;
- ডিএপি ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড এর জন্য একটি নতুন এ্যাম্বুলেন্স ক্রয়ের সম্মতি প্রদান করা হয়েছে;
- স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর অনুকূলে অকেজো ঘোষিত ১টি পাজেরো জীপ ও ১টি মাইক্রোবাস এর পরিবর্তে নতুন ১টি পাজেরো জীপ ও ১টি মাইক্রোবাস ক্রয়ে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হয়েছে;
- বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর সাংগঠনিক কাঠামোভুক্ত ১টি জীপ গাড়ী, ৫টি কার, ৩টি মাইক্রোবাস এবং ১টি পিক-আপ (ডাবল কেবিন) ক্রয়ে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হয়েছে; এবং
- বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের টিওএন্ড'ইতে ০৬ (ছয়)টি গাড়ি অন্তর্ভুক্তকরণের জন্য সম্মতি প্রদান করা হয়েছে।

মতামত/সম্মতি প্রদান

- শিক্ষা মন্ত্রণালয়াধীন আন্তর্জাতিক মার্তৃভাষা ইনস্টিটিউটের প্রশিক্ষণ কোর্সের বক্তা/অতিথি বক্তা/প্রশিক্ষণার্থীদের সম্মানী ভাতা পুনঃনির্ধারণে সম্মতি জ্ঞাপন করা হয়েছে;
- জনপ্রশাসন মন্ত্রণালয়াধীন বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক পরিচালিত কোর কোর্স প্রশিক্ষণার্থী ও আরপিএটিসির বিভিন্ন কোর্সের অতিথি বক্তাদের সম্মানী ভাতা পুনঃনির্ধারণ করা হয়েছে;
- বাংলাদেশ প্রতিযোগীতা কমিশনের 'পুনর্বিবেচনা প্রবিধানমালা, ২০১৮' এবং 'আপিল বিধিমালা', ২০১৮ এর সংশোধিত খসড়ার উপর মতামত প্রদান করা হয়েছে;
- জীবন বীমা কর্পোরেশন (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা ১৯৯২ এর ২(র)নং প্রবিধান এবং ১১(৪)নং উপ-প্রবিধান অনুযায়ী জীবন বীমা কর্পোরেশনে কর্মরত সংশ্লিষ্ট কর্মচারীগণকে বিআইএ ডিপ্লোমা অর্জনের জন্য পরিচালক পর্ষদের অনুমোদনক্রমে ২টি বিশেষ বেতন বৃদ্ধি প্রদানের বিষয়ে মতামত প্রদান করা হয়েছে;
- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের সদস্যগণের মাসিক পারিতোষিক বৃদ্ধিতে অর্থ বিভাগের মতামত প্রদান করা হয়েছে;
- নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের(এনডিডি সুরক্ষা ট্রাস্ট) আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগকৃত জনবলের বিষয়ে মতামত প্রদান করা হয়েছে;
- পল্লী সঞ্চয় ব্যাংকের টিওএন্ডই (TO&E) তে ২০টি এয়ার কন্ডিশনার অন্তর্ভুক্তকরণে সম্মতি জ্ঞাপন করা হয়েছে; এবং

- চট্টগ্রামের বাঁশখালিতে সরকারি ও বেসরকারি অংশীদারিত্বে বাংলাদেশ এনার্জি পোর্ট লিমিটেড (বিইপিএল) নামক কোম্পানী গঠনের লক্ষ্যে মতামত প্রদান করা হয়েছে।

অন্যান্য কার্যাবলী

- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের টিওএন্ডই-তে Thriller Rider with Prime Mover (Movie Bus) অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত;
- মোংলা বন্দর কর্তৃপক্ষ (মোবক)'র ৪র্থ শ্রেণীর ৩২ ক্যাটাগরির ৫১০টি পদে আউটসোর্সিং-এর পরিবর্তে সরাসরি নিয়োগ প্রদান সংক্রান্ত;
- নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চবক)'র ৪র্থ শ্রেণীর 'ফায়ার ফাইটার' পদ আউটসোর্সিং-এর পরিবর্তে সরাসরি নিয়োগ প্রদান প্রসংগে;
- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ২৪টি এয়ারকুলার টিওএন্ডই-তে অন্তর্ভুক্তিকরণ প্রসঙ্গে;
- পরিকল্পনা বিভাগের আওতাধীন জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) এর কর্মচারী কল্যাণ তহবিলে এককালীন ৫০.০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অনুদান মঞ্জুরি প্রদান;
- ৯ম সংবাদপত্র মজুরি বোর্ড কর্তৃক অন্তবর্তীকালিন মহার্ঘভাতা প্রদান;
- বাংলাদেশ রাবার বোর্ডের জন্য যানবাহন এবং অফিস সরঞ্জামাদি টিওএন্ডইতে অন্তর্ভুক্তকরণ;
- বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের সদর দপ্তরের জন্য যানবাহন ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডইতে অন্তর্ভুক্তকরণ; এবং
- রিট পিটিশন নং-৪৬০১/২০১১ এর উপর আপিল বিভাগের ০৬-০৩-২০১৮ তারিখের রায়ের বিরুদ্ধে রিভিউ গ্রাউন্ডস প্রেরণ।